দৈনিক ইনকিলাব

তারিখ ..DEC. 07 1999
পৃষ্ঠা: 2 কলাম ১

102

# একই দিনে তিন পরীক্ষা পরীক্ষার্থীরা বিপাকে

**মোঃ আবদুর রহিম** ॥ একই দিনে ডিগ্রী পরীক্ষা, প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা এবং কৃষি ব্যাংকে ডাটা এন্ট্রি অপারেটর পদের লিখিত পরীক্ষা। বিপাকে পড়েছেন বহুজন। এ বিপাক থেকে উদ্ধারের জন্য অনেকে টেলিফোনে এবং লিখিতভাবে দৈনিক ইনকিলাব অফিসে জানিয়েছেন।

দেশে এখন চাকুরির আকাল। চাকরি মানে সোনার হরিণ। তাই একজন পরীক্ষার্থী বা প্রার্থীর নিকট ডিগ্রী পরীক্ষা এবং চাকরির পরীক্ষা উভয়টির গুরুত্ব প্রায় সমান। আগামী ১১ ডিসেম্বর ডিগ্রী পরীক্ষা আছে একই দিনে চাকরি প্রার্থীদের পরীক্ষার তারিখ নির্ধারণের সময় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং কৃষি ব্যাংক খোঁজ-খবর না নিয়েই তারিখ নির্ধারণ করেছে বলে বুঝা যায়। একই দিনে তিনটি পৃথক পৃথক পরীক্ষার তারিখ নির্ধারণে উল্লেখিত প্রতিষ্ঠানসমূহের হয়ত কিছু আসে যায় না। কিন্তু একজন পরীক্ষার্থী বা প্রার্থী দু'টি বা তিনটি বিষয়ের পরীক্ষার্থী হন– তখন তার মনের ব্যথা বুঝা কষ্ট হওয়ার কথা নয় একই দিনে দুই পরীক্ষার সমস্যা সৃষ্টি হয়েছে এমন পরীক্ষার্থীর সংখ্যাও অনেক। তাই মানবিক কারণে প্রাইমারী শিক্ষা অধিদপ্তর ও কৃষি ব্যাংক কর্তৃপক্ষকে বিষয়টি আমলে নিয়ে পরীক্ষার তারিখ পিছিয়ে দিলে কর্তৃপক্ষদ্বয়ের একটু ঝামেলা বাড়বে কিন্তু উপকৃত হবেন অনেকে।